

ভাল থাকতে ভালবাসি

ভালবাসি শুধু তোমাকেই
তোমাকেই ভালবাসি
নীলা হেসে ফেলে—
বলে, কি করে বুঝবো
সারাজীবন কতবার এরকম বলা হল
আমি বলি, বিশ্বাস কর
কেবলমাত্র ঝিনু অনুভবেই বোঝা
দুঃস্থ হেসে প্রমাণ চাইল নীলা

বানিজ্যিক ছবিতে পাহাড় থেকে লাফ দিল নায়ক
কিন্মা উঁচু ব্রীজ থেকে জলে—
নায়িকা আফসোসে লাল
নায়ক উঠে এল অবহেলে

হয়ারোল্লিফিক থেকে মেসোপটেমিয়ার পাথুরে প্রমাণ
সেই একই সংলাপ প্রেমিক-প্রেমিকার
কথার ইতিহাস কথা খুঁজে ফেরে
আমি মাথা নীচু করে ভাবি
সত্যিই প্রাণ দিতে পারিতো

তোমাকে ভালবাসি কতদূর
শুধু তোমাকেই ভালবাসি না
ভালবাসি নিজেকেও

ভাল থাকতে তোমাকে ভালবাসি

পার্থ ঘটক

ছত্রাক আঁটির তরকারী

কারা যেন ধুঁকছে
অসহ্য ক্ষিদের জুলায়
শহরের বড় বড় পানশালায়—
নৈশ ক্লাব রেস্তোরায়

কারা যেন খুঁজছে
আচ্ছন্ন অছিলায়
কারা যেন কোথায়
ছত্রাক আঁটির তরকারী খায়

ভাতবিহীন ঘুমের ঘোরে
ঘুমের দেশে পাড়ি জমায়
ঘুম নেই, নিশিক্লাবে আদার ঝালের গন্ধ
ঝালের নেশায় পানীয়ে মিলে
জেগে ঘুমায় আস্তাবলে

চাষীর স্বপ্নে সোনালী ধান
শহর খোঁজে বনসাই বাগান

জাতীয় আয়ের মাথাপিছু মাপ
বোবা জিরারফের কথাবলা পাপ

পার্থ ঘটক